গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

স্মারক নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৬. ২০২২-৩২৫

তারিখঃ ২৯ ফাল্গুন ১৪২৯
১৪ মার্চ ২০২৩

বিষয় : ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতিমূলক ভার্চুয়াল সভার কার্যবিবরণী।

২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতিমূলক ভার্চুয়াল সভা ০৯/০৩/২০২৩ তারিখ সকাল ১১.৩০ টায় স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব মুহম্মদ ইব্‌রাহিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবলোকন ও সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৪/৩/২০২৩

পিন্টু বেপারী
উপসচিব
ফোন- ৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণ:

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
৬। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান:

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন/প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/গাজীপুর/সিলেট/খুলনা/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা/রংপুর/ ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি**

বিষয় : ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতিমূলক ভার্চুয়াল সভার কার্যবিবরণী।

সভাপতি : মুহম্মদ ইব্‌রাহিম
সচিব
স্থানীয় সরকার বিভাগ

সভার তারিখ ও সময় : ০৯ মার্চ ২০২৩ খ্রিঃ, সকাল ১১.৩০ টা

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী বীর শহীদদের গভীর শ্রদ্ধায় স্মরণ করেন। সভাপতি উল্লেখ করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচীর সাথে সমন্বয় করে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়। স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত কর্মসূচির আলোকে প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ক) ২৫ মার্চ গণহত্যা দিবস | | |
| ১. | ২৫ মার্চ ২০২৩ তারিখ দুপুর ১২.০০ টা থেকে ঢাকাসহ সকল সিটি কর্পোরেশনের মিনিপোলগুলোতে গণহত্যার ভয়াবহতার চিত্র প্রচার করতে হবে। | সিটি কর্পোরেশন (সকল) |
| ২. | সারা দেশে ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে স্মরণে মসজিদসমূহে বাদ যোহর অথবা সুবিধাজনক সময়ে বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা করতে হবে। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ৩. | রাত ১০.৩০ মিনিট হতে ১০.৩১ মিনিট পর্যন্ত ১ মিনিট ব্ল্যাক আউট (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) | |
| খ) ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন | | |
| ৪. | ২৬ মার্চ ২০২৩ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ। | আমন্ত্রিত অতিথিবৃন্দ যোগদান করবেন। |

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| ৫. | ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন' বিষয়ে আলোচনা সভা করতে হবে। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ৬. | ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (২৬ মার্চ ২০২৩ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে);<br>খ) ঢাকা শহরে সুস্পষ্ট দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন (২৬ মার্চ ২০২৩ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে);<br>গ) ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ;<br>ঘ) গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা করতে হবে (২৫/০৩/২০২৩ তারিখে আলোকসজ্জা থেকে বিরত থাকতে হবে)। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ৭. | ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন ঢাকাস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ এবং স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তাগণকে নিয়ে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সম্মেলন কক্ষে স্থানীয় সরকার বিভাগ কেন্দ্রীয়ভাবে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন' বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় উপস্থিত থাকবেন। মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে আলোচনাপূর্বক সভার সময় নির্ধারণ করা হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ৮. | ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে ২৬/০৩/২০২৩ তারিখ সকাল ০৯.০০ ঘটিকায় স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন ঢাকাস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রাঙ্গণে বঙ্গবন্ধুর ম্যুরালে পুস্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করা হবে। | স্থানীয় সরকার বিভাগ এবং ঢাকাস্থ দপ্তর/সংস্থাসমূহ |
| ৯. | ২৬/০৩/২০২৩ তারিখ দেশের সকল শিশু পার্ক, বোটানিক্যাল গার্ডেন, জাতীয় জাদুঘর শিশুদের জন্য বিকাল ০৪.০০ টা পর্যন্ত উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীর ব্যবস্থা করতে হবে। | সিটি কর্পোরেশন (সকল)<br>পৌরসভা (সকল)<br>জেলা পরিষদ (সকল) |
| ১০. | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) কর্তৃক ১৭ মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ | উপপরিচালক, স্থানীয় সরকার (সকল) |

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| | মুজিবুর রহমান এঁর ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপনের তথ্যচিত্র ও প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। | |

৩। সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/৩/২০২৩

মুহম্মদ ইব্‌রাহিম

সচিব

স্থানীয় সরকার বিভাগ